# রাষ্ট্রপতির পদত্যাগের গুঞ্জনের মধ্যে শুক্রবার দেশে ফিরছেন স্পিকার



স্পিকার হাফিজ উদ্দিন। ছবিঃ সংগৃহীত

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পদত্যাগের গুঞ্জনের মধ্যেই বিদেশ সফর সংক্ষিপ্ত করে শুক্রবার (২৪ জুলাই) দেশে ফিরছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।

সংসদ সচিবালয়ের সূত্র জানিয়েছে, থাই এয়ারওয়েজের একটি ফ্লাইটে শুক্রবার দুপুর সাড়ে ১২টার দিকে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর কথা রয়েছে তার।

এর আগে গত ১৯ জুলাই চিকিৎসার জন্য ব্যাংককের উদ্দেশে ঢাকা ছাড়েন স্পিকার। পূর্বনির্ধারিত সফরসূচি অনুযায়ী তার ২৬ জুলাই দেশে ফেরার কথা ছিল। তবে নির্ধারিত সময়ের আগেই সফর শেষ করে তিনি দেশে ফিরছেন।

সংবিধানের বিধান অনুযায়ী, রাষ্ট্রপতির পদ শূন্য হলে নতুন রাষ্ট্রপতি নির্বাচিত না হওয়া পর্যন্ত স্পিকার রাষ্ট্রপতির দায়িত্ব পালন করবেন। একইভাবে রাষ্ট্রপতি অনুপস্থিত, অসুস্থ বা অন্য কোনো কারণে দায়িত্ব পালনে অসমর্থ হলেও নির্দিষ্ট পরিস্থিতিতে স্পিকার তার দায়িত্বভার গ্রহণ করবেন।

এ ছাড়া রাষ্ট্রপতির পদত্যাগের কারণে পদটি শূন্য হলে সংবিধান অনুযায়ী ৯০ দিনের মধ্যে নতুন রাষ্ট্রপতি নির্বাচনের বিধান রয়েছে।

এদিকে রাষ্ট্রপতির পদত্যাগ নিয়ে চলমান আলোচনার মধ্যে বৃহস্পতিবার সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠক শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, শুক্রবার পর্যন্ত অপেক্ষা করতে হবে।